দৈনিক বাংলা

তারিখ 26 DEC 1994
পৃষ্ঠা ৭ কলাম ?

# বহিষ্কৃত ছাত্রদের কৃতিত্ব

মিডিয়া সিন্ডিকেট। শৃংখলা ভঙ্গের অভিযোগে বহিষ্কৃত সিলেট ক্যাডেট কলে-জের ৪০ জন ছাত্রই এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে ১ জন সম্মিলিত মেধা তালিকায়, ৩৭ জন একাধিক বিষয়ে লেটার মার্কসহ এবং ২ জন দ্বিতীয় বিভাগে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। অনেকে ষ্টার মার্কও পেয়েছে।

গত ২০ এপ্রিল ভোরে সিলেট ক্যাডেট কলেজের ৪০ জন ছাত্র দলবদ্ধভাবে কলেজ থেকে পালিয়ে যায়। কলেজ অধ্য-ক্ষের অমানবিক আচরণ ও নির্যাতনের ফলে এই ৪০ জন ছাত্র পালিয়েছিল বলে ছাত্ররা জানায়। কলেজ—কর্তৃপক্ষ শৃংখলা ভঙ্গের অভিযোগে এই ৪০ জন ছাত্রকে কলেজ থেকে বহিষ্কার এবং প্রত্যেককে ৫ হাজার টাকা করে জরিমানা করেন। পরবর্তীতে কলেজ কর্তৃপক্ষ মানবিক কারণে তাদের নিজ নিজ অবস্থান থেকে পরীক্ষা দেয়ার অনুমতি প্রদান করেন। এদের কয়েকজন পরে কলেজ থেকেই পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ পায়। অন্যরা শহরের বিভিন্ন বাসা ও আবাসিক হোটেলে থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে।

সিলেট ক্যাডেট কলেজ থেকে এবার ৪৪ জন ছাত্রক এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ ৪১ জনের মধ্যে ১৯ জন ষ্টার মার্ক, ২ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং ১ জন অকৃতকার্য হয়েছে।